



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
পলাশ, নরসিংদী।
www.dwa.palash.narsingdi.gov.bd



স্মারক নং-৩২.০১.৬৮৬৩.০০৫.০০.০১৫.১৬-১৫৫

তারিখঃ ১৫ নভেম্বর ২০২১

বিষয়ঃ আগামী ২৫ নভেম্বর ২০২১ হতে ১০ ডিসেম্বর ২০২১ পর্যন্ত “আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ” ৯ ডিসেম্বর ২০২১ তারিখে “বেগম রোকেয়া দিবস” উদযাপন উপলক্ষ্যে “জয়িতা অন্বেষণে বাংলাদেশ” শীর্ষক কার্যক্রম বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ ১) অত্র কার্যালয়ের ২২ সেপ্টেম্বর ২০২১ তারিখের স্মারক নং-৩২.০১.৬৮৬৩.০০৫.০০.০১৫.১৬-১১৭
২) মহিলা বিষয়ক অধিদপ্তরের ১৪/১১/২০২১ তারিখের স্মারক নং- ৩২.০১.০০০০.০২৪.২৩.০০১.২০২১-৭৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রদ্বয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৫ নভেম্বর ২০২১ হতে ১০ ডিসেম্বর ২০২১ পর্যন্ত “আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ” ৯ ডিসেম্বর ২০২১ “বেগম রোকেয়া দিবস” প্রতিবছরের ন্যায় যথাযোগ্য মর্যাদায় পালনের নিমিত্ত “জয়িতা অন্বেষণে বাংলাদেশ” শীর্ষক কার্যক্রমের আওতায় তৃণমূল পর্যায়ে সমাজের সকল বাধা বিপত্তি দূর করে নিম্নোক্ত ৫ টি ক্যাটাগরীতে সফল নারী তথা জয়িতাদের বাছাই করে তাদের যথাযথ সম্মান ও স্বীকৃতি প্রদান করা হবেঃ

ক্যাটাগরী সমূহঃ

- অর্থনৈতিক ভাবে সাফল্য অর্জনকারী নারী
- শিক্ষা ও চাকুরী ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী
- সফল জননী নারী
- নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরু করেছেন যে নারী
- সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী।

০২। বর্গিত অবস্থায় আপনার ইউনিয়ন/পৌরসভার স্থায়ী বাসিন্দাদের মধ্যে থেকে সম্ভাব্য জয়িতাদের চিহ্নিত করে তাদের জীবনবৃত্তান্ত ও প্রয়োজনীয় কাগজ পত্র সহ আগামী ২৪ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক কার্যক্রমটি বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

প্রয়োজনীয় কাগজপত্রঃ

- সংশ্লিষ্ট ক্যাটাগরীতে নির্বাচিত জয়িতার ৪ (চার) কপি করে সত্যায়িত রশ্মিন ছবি।
- নির্ধারিত ছক অনুযায়ী পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত/প্রোফাইল (প্রয়োজনে অতিরিক্ত কাগজ সংযোজন করা যাবে)।
- জাতীয় পরিচয়পত্রের কপি।
- সংশ্লিষ্ট ক্যাটাগরীতে সাফল্য অর্জনের স্বপক্ষে বিভিন্ন স্মারক (যদি থাকে)।
- জয়িতা বাছাই সংক্রান্ত সংশ্লিষ্ট কমিটির কার্য বিবরণী।

সংযুক্তিঃ

- “জয়িতা অন্বেষণে বাংলাদেশ” কার্যক্রম পরিচালনা নীতিমালা।
- জীবন বৃত্তান্ত “ছক”।

মেয়র / চেয়ারম্যান

ঘোড়াশাল পৌরসভা / ইউনিয়ন পরিষদ (সকল)
পলাশ, নরসিংদী।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী।
- উপজেলা নির্বাহী অফিসার, পলাশ, নরসিংদী।
- উপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নরসিংদী।
- ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী।
- উপজেলা কর্মকর্তা ও উপদেষ্টা, ইউনিয়ন/পৌরসভা জয়িতা বাছাই কমিটি, পলাশ, নরসিংদী।
- অফিস কপি।

১৫.১১.২০২১

(রেহানা পারভীন)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
পলাশ, নরসিংদী।

ফোনঃ ৯৪৬৬৪৬৩।

ই-মেইলঃ uwaopalash@gmail.com